

# লটারির পুরক্ষারের বিষয়ে ডেথ

- বর্তমানে ঢাকা ও চট্টগ্রামে ১,০০০ (এক হাজার) এর অধিক ব্যবসা প্রতিষ্ঠানে EFD/SDC মেশিন বসানো হয়েছে। এটি একটি চলমান প্রক্রিয়া। পর্যায়ক্রমে সারা দেশে EFD/SDC মেশিন বসানো হবে।
- যে সব ব্যবসা প্রতিষ্ঠানে মেশিন বসানো হয়েছে তার তালিকা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে ([www nbr.gov.bd](http://www nbr.gov.bd)) পাওয়া যাবে।
- যেসব দোকান/প্রতিষ্ঠানে EFD/SDC আছে সেখানে কাউন্টারে মেশিন ব্যবহার বিষয়ক স্টীকার থাকবে।
- প্রতি ইংরেজি পঞ্জিকা মাসের ৫ তারিখ বা ৫ তারিখ সরকারি ছুটি থাকলে পরবর্তী কার্যদিবসে লটারীর ড্র অনুষ্ঠিত হবে।
- EFD/SDC মেশিন বা EFDMS সিস্টেম হতে ইস্যুকৃত ইউনিক নম্বর সম্বলিত চালানপত্র (মূসক-৬.৩) হলো লটারির কুপন। যে মাসে লটারির ড্র অনুষ্ঠিত হবে তার পূর্ববর্তী মাসের প্রথম দিবস হতে শেষ দিবস পর্যন্ত ইস্যুকৃত মূসক চালানসমূহ লটারির জন্য বিবেচিত হবে। একবার লটারির জন্য ব্যবহৃত হয়েছে এমন চালান পরবর্তী কোন লটারির জন্য বিবেচিত হবে না। অর্থাৎ জানুয়ারি মাসে ড্র অনুষ্ঠিত হলে ডিসেম্বর মাসের ০১ তারিখ হতে ৩১ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত ইস্যুকৃত চালানসমূহ লটারির জন্য বিবেচিত হবে।
- জাতীয় রাজস্ব বোর্ড বা বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে লটারির ড্র অনুষ্ঠিত হবে।
- লটারির ড্র অনুষ্ঠিত হওয়ার পর জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে ([www nbr.gov.bd](http://www nbr.gov.bd)) এবং ০৩ (তিনি) দিনের মধ্যে দৈনিক পত্রিকায় ফলাফল প্রকাশ করা হবে।
- লটারিতে পুরক্ষার বিজয়ী তাঁর নিকটস্থ যে কোন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটে নির্ধারিত ছকে আবেদন করতে পারবেন। জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে ([www nbr.gov.bd](http://www nbr.gov.bd)) নির্ধারিত ছকটি পাওয়া যাবে।
- যে মাসে লটারির ড্র-এর পর পুরক্ষারের ঘোষণা হবে সে মাসের শেষ কার্যদিবসের মধ্যে পুরক্ষারের জন্য আবেদন করতে হবে। (অর্থাৎ ফেব্রুয়ারি মাসে ড্র অনুষ্ঠিত হলে শেষ কার্যদিবস যদি ২৮ ফেব্রুয়ারি হয় তবে ২৮ ফেব্রুয়ারির মধ্যে পুরক্ষারের জন্য আবেদন করতে হবে)। উক্ত তারিখের পরে দাখিলকৃত আবেদন পুরক্ষারের জন্য বিবেচনা করা যাবে না।
- আবেদনের ছকে আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে), চালান নম্বর ও চালানটি ইস্যুর তারিখ এবং আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ উল্লেখ করতে হবে।
- পুরক্ষারের জন্য আবেদনের সাথে EFD/SDC মেশিন হতে ইস্যুকৃত মূল চালানটি সংযুক্ত করতে হবে।
- লটারির মাধ্যমে মোট ১০১ টি পুরক্ষার প্রদান করা হবে।
- চেকের মাধ্যমে পুরক্ষারের অর্থ প্রদান করা হবে। এ ক্ষেত্রে কোন ভ্যাট বা অগ্রিম আয়কর কর্তৃন করা হবে না।
- পুরক্ষার গ্রহণের ক্ষেত্রে যেকোন তথ্য বা সহযোগিতার জন্য মোবাইল নং +৮৮০৯৬৪৩২৩২৩২ এ যোগাযোগ করা যাবে।